



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
উপ-পুলিশ কমিশনার  
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তা-১৯/১০/২০২১খ্রি:

### প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক ১ কেজি ৫০০ গ্রাম শুকনো গাঁজা ও ৪০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারসহ গ্রেফতার ৩।।



ঘটনা-১



ঘটনা-২



ঘটনা-৩

গোপন সংবাদের ভিত্তিতে গোয়েন্দা বিভাগ (ডিবি)'র উপ-পুলিশ কমিশনার জনাব কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায় ও সার্বিক তত্ত্বাবধানে, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ সাজ্জাদ হোসেন এর অপারেশন পরিকল্পনায় ১৮/১০/২০২১ খ্রি. রাতে রংপুর মহানগরীর তাজহাট থানা এলাকায় ৩টি মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ১ কেজি ৫০০ গ্রাম শুকনো গাঁজা ও ৪০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারসহ ৩ জনকে গ্রেফতার করা হয়।

- ১ম অভিযানে এসআই (নিঃ) মোঃ বাবুল ইসলাম এর নেতৃত্বে সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ রংপুর মেট্রোপলিটন এলাকার তাজহাট থানাধীন ১৫ নং ওয়ার্ডস্থ ধৃত আসামী মোঃ আফজাল হোসেন (৫৫), পিতা- মৃত আব্দুল জব্বার, মাতা- মৃত আছমা খাতুন, সাং- বিনোদপুর, ওয়ার্ড নং- ১৫, থানা- তাজহাট, রংপুর মহানগর, রংপুর কে তার বসতবাড়ির আঙ্গিনায় তার হেফাজত হতে নেশা জাতীয় মাদকদ্রব্য ৫০০ (পাঁচশত) গ্রাম শুকনো গাঁজা উদ্ধারসহ তাকে গ্রেফতার করা হয়।
- ২য় অভিযানে পুলিশ পরিদর্শক জনাব মোঃ মোস্তাফিজুর রহমান এর নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ নাজমুল ইসলাম এবং সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ রংপুর মেট্রোপলিটন এলাকার তাজহাট থানাধীন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ৪ নং গেটের সামনে পার্কের মোড় থেকে লালবাগগামী চলাচলের পাকা রাস্তার উপর হতে নেশা জাতীয় মাদকদ্রব্য ১ কেজি শুকনো গাঁজা উদ্ধারসহ আসামী মোঃ আবতারুজ্জামান দাদুল (৪৪), পিতা- আঃ রহমান, মাতা- রাবেয়া বেগম, সাং- উত্তর বারাইপাড়া, ওয়ার্ড নং- ৫, থানা- হাতিবান্দা, জেলা- লালমনিরহাট-কে গ্রেফতার করা হয়।
- ৩য় অভিযানে পুলিশ পরিদর্শক জনাব মোঃ ছালেহ আহামদ পাঠান এর নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ গোলাম মোর্শেদ এবং সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ রংপুর মেট্রোপলিটন তাজহাট থানাধীন ২৮ নং ওয়ার্ডস্থ বটতলা বন্ধন পাড়া ধৃত আসামী মোঃ লিটন মিয়া (৩০), পিতা-মোঃ ওসমান গনি, সাং- বটতলা বন্ধন পাড়া, থানা-তাজহাট, রংপুর মহানগর, রংপুর এর বসতবাড়ির ভিতর থেকে নেশা জাতীয় মাদকদ্রব্য ৪০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারসহ তাকে গ্রেফতার করা হয়।

০৩ টি অভিযানে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে তাজহাট থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর অধীন পৃথক ০৩টি মামলা দায়ের করা হয়।

উল্লেখ্য যে, রংপুর মেট্রোপলিটন এলাকায় সকল প্রকার অপরাধ দমন ও মাদক দ্রব্য নিয়ন্ত্রণে রংপুর মেট্রোপলিটন পুলিশ এর গোয়েন্দা বিভাগ (ডিবি)'র অভিযান অব্যাহত থাকবে।

১৯.১০.২০২১

(মোঃ সাজ্জাদ হোসেন)  
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার  
(ডিবি এন্ড মিডিয়া)  
পক্ষে/পুলিশ কমিশনার  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর  
মোবাইল-০১৩২০-০৭৩৬৬১